# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
গাজীপুর-১৭০৫।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

মুজিব শতবর্ষ MUJIB 100

# ৪ বছর মেয়াদি এলএলবি (অনার্স) প্রোগ্রাম
# ভর্তি বিজ্ঞপ্তি
## শিক্ষাবর্ষ ২০২১-২০২২

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন ৪ বছর মেয়াদি এলএলবি (অনার্স) প্রোগ্রামের ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ক্লাস রবি, সোম, মঙ্গল ও বুধবার (সেকশন-এ) অনুষ্ঠিত হবে। তবে কর্মজীবী/চাকুরিজীবী শিক্ষার্থীদের ক্লাস প্রতি শুক্র ও শনিবার (সেকশন-বি) অনুষ্ঠিত হবে। প্রতি কোর্সে প্রথম ক্ষেত্রে ৭৫% ক্লাসে উপস্থিত থাকা এবং দ্বিতীয় ক্ষেত্রে ৫০% ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। শিক্ষাগত যোগ্যতার শর্তপূরণ করে যে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবেন। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে।

**বৈশিষ্ট্যসমূহ**

- চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট)।
- প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সিমেস্টারে বিভক্ত। প্রতি সিমেস্টারে কোর্স সংখ্যা- ৫টি। প্রতি সিমেস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।

**ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা**

- ৪ বছর মেয়াদি এলএলবি (অনার্স) পড়তে আগ্রহী আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পৃথকভাবে ডিভিশন পদ্ধতিতে ৫০% নম্বর করে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ পদ্ধতিতে ৩.৫০ (৫ এর মধ্যে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

**ভর্তি সংক্রান্ত তথ্য:**

শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

| | | |
|---|---|---|
| আবেদনের সময় | : | ১১ এপ্রিল, ২০২২ থেকে ১৫ জুলাই, ২০২২ পর্যন্ত। |
| লিখিত পরীক্ষার জন্য মনোনীতদের তালিকা প্রকাশ | : | ২৮ জুলাই, ২০২২ (বৃহস্পতিবার)। |
| লিখিত পরীক্ষার আসন বিন্যাস | : | ২২ আগস্ট, ২০২২ এর পর বাউবি'র ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে। |
| লিখিত পরীক্ষার তারিখ ও সময় | : | ২৬ আগস্ট, ২০২২ (শুক্রবার); বিকাল ৩:০০ টা থেকে ৪:০০ টা পর্যন্ত। |
| লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ | : | ৩১ আগস্ট, ২০২২ (বুধবার)। |
| সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান | : | ১৪/০৯/২০২২ (বুধবার) সকাল ৯.০০ টা থেকে শুরু হবে; ডিন, এসএসএইচএল, বাউবি'র মূল ক্যাম্পাস, গাজীপুর-১৭০৫। |
| বিষয় ভিত্তিক মেধা তালিকা প্রকাশ | : | ২৬ সেপ্টেম্বর, ২০২২ (সোমবার)। |
| ভর্তি | : | ২৯ সেপ্টেম্বর, ২০২২ থেকে ৩১ অক্টোবর, ২০২২ পর্যন্ত। |

**ভর্তি পরীক্ষা পদ্ধতি**

- বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
- **প্রতি ব্যাচের আসন সংখ্যা ৬০।**

**আবেদন প্রক্রিয়া:** যে কোন ব্রাউজারের Address bar-G https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন এর অধীনে School of Social Sciences, Humanities & Language (SSHL)-এ ক্লিক করে LLB (Honours) প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। LLB (Honours) প্রোগ্রামে ভর্তি নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300×300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300×100 JPG Format) আপলোড করে Next বাটন ক্লিক করুন।Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে। Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যেকোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে। LLB (Honours) প্রোগ্রামে ভর্তির আবেদন ফি ৫০০/- (পাঁচশত টাকা) তবে এক্ষেত্রে প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন।অনলাইন ভর্তি সংক্রান্ত আপনার যেকোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPS-এর হেল্পলাইন নম্বরে অথবা ইমেইল (help.osaps@bou.ac.bd) এ অবহিত করুন। OSAPS-এর হেল্পলাইন নম্বর: ০১৬৩৫-৮৩২৮৪৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার)। প্রয়োজনে কোনো সমস্যা হলে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবিতে যোগাযোগ করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ১১ এপ্রিল(সোমবার), ২০২২ থেকে ১৫ জুলাই(শুক্রবার), ২০২২ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভঃ ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে।

**ভর্তি পদ্ধতি:**

- মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।
- কোর্স ফি : প্রতি কোর্স ২১০০/- (দুই হাজার একশত) টাকা। তবে এলাইড কোর্স ফি ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা।
- রেজিস্ট্রেশন ফি : প্রতি সিমেস্টার ১০০০/- (এক হাজার) টাকা।

- **(ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)**

**Helpline: Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845**
**Available Time: 2:00 pm to 6:00 pm; 01907451612**
**email: help.osaps@bou.ac.bd**

সভাপতি, ভর্তি কমিটি
ও ডিন
সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।